# ৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস জেনে নেওয়া যাক একনজরে-

**মানবন্টন:**
বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় ২০০ নম্বর বরাদ্দ থাকে। ২০০ টি বহুনির্বাচনী প্রশ্নের উত্তর করতে হয়। প্রতিটি প্রশ্নের পূর্ণমান ১ নম্বর। বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে ৩৫ নম্বর, English Language and Literature অংশে ৩৫ নম্বর, বাংলাদেশ বিষয়াবলী ৩০ নম্বর, আন্তর্জাতিক বিষয়াবলী ২০ নম্বর, ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ১০ নম্বর, সাধারণ বিজ্ঞান ১৫ নম্বর, কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ১৫ নম্বর, গাণিতিক যুক্তি ১৫ নম্বর, মানসিক দক্ষতা ১৫ নম্বর, নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন বিষয়ে ১০ নম্বরের প্রশ্ন আসবে।

**বিষয়ভিত্তিক সিলেবাস:**
প্রত্যেক বিষয়ে নির্ধারিত সিলেবাস থেকেই প্রশ্ন করা হয়। সিলেবাস বিষয় ও অধ্যায়ভিত্তিক ভাগ করে নিলে প্রস্তুতি পর্ব সহজ হবে।

**বাংলা ভাষা ও সাহিত্য:**
বাংলা ভাষা ও সাহিত্য অংশে ভাষা ও সাহিত্য দুই অংশ থেকে প্রশ্ন আসে। ভাষা থেকে ১৫ নম্বর এবং সাহিত্য থেকে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। ভাষা অংশে প্রশ্ন আসবে প্রয়োগ-অপপ্রয়োগ, বানান ও বাক্য শুদ্ধি, পরিভাষা, সমার্থক ও বিপরীতার্থক শব্দ, ধ্বনি, বর্ণ, শব্দ, পদ, বাক্য, প্রত্যয়, সন্ধি ও সমাস থেকে। সাহিত্য অংশে প্রাচীন ও মধ্যযুগ থেকে ৫ নম্বর এবং আধুনিক যুগ (১৮০০ সাল থেকে বর্তমান পর্যন্ত) থেকে ১৫ নম্বরের প্রশ্ন আসবে।

**English Language and Literature:**
ইংরেজি অংশে গ্রামার থেকে ২০ নম্বর এবং সাহিত্য থেকে ১৫ নম্বরের প্রশ্ন করা হবে। ব্যাকরণ অংশের জন্য Parts of Speech, Noun, Determiner, Gender, Number, Pronoun, Verb, Adjective, Adverb, Preposition, Conjunction, Idioms & Phrases, Clauses, Corrections, Tense, Preposition, Subject-Verb Agreement, Sentences & Transformations, Voice, Degree, Synonyms, Antonyms, prefixes and suffixes, paragraph, letters, applications থেকে প্রশ্ন করা হবে। লিটারেচার বা সাহিত্য অংশের জন্য Names of writers of literary pieces from Elizabethan period to The 21st Century এবং Quotations from drama/ poetry of different ages বিষয়গুলো দেখতে হবে।

**বাংলাদেশ বিষয়াবলী:**
এ অংশে বাংলাদেশের জাতীয় বিষয়াবলী যেমন: প্রাচীনকাল হতে সম-সাময়িক কালের ইতিহাস, কৃষ্টি ও সংস্কৃতি; বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস: ভাষা আন্দোলন; ১৯৫৪ সালের নির্বাচন; ছয়-দফা আন্দোলন, ১৯৬৬; গণ অভ্যুত্থান ১৯৬৮-৬৯; ১৯৭০ সালের সাধারণ নির্বাচন; অসহযোগ আন্দোলন ১৯৭১; ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ; স্বাধীনতা ঘোষণা; মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলী; মুক্তিযুদ্ধের রণকৌশল; মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ভূমিকা; পাক বাহিনীর আত্মসমর্পণ এবং বাংলাদেশের অভ্যুদয় থেকে প্রশ্ন করা হবে। আরো প্রশ্ন আসবে বাংলাদেশের কৃষিজ সম্পদ: শস্য উৎপাদন এবং এর বহুমুখীকরণ, খাদ্য উৎপাদন ও ব্যবস্থাপনা, বাংলাদেশের জনসংখ্যা, আদমশুমারি, জাতি, গোষ্ঠী ও উপজাতি সংক্রান্ত বিষয়াদি, বাংলাদেশের অর্থনীতি: উন্নয়ন পরিকল্পনা প্রেক্ষিত ও পঞ্চবার্ষিকী, জাতীয় আয়-ব্যয়, রাজস্ব নীতি ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি, দারিদ্র্য বিমোচন, বাংলাদেশের শিল্প ও বাণিজ্য: শিল্প উৎপাদন, পণ্য আমদানি ও রপ্তানিকরণ, গার্মেন্টস শিল্প ও এর সার্বিক ব্যবস্থাপনা, বৈদেশিক লেন-দেন, অর্থ প্রেরণ, ব্যাংক ও বীমা ব্যবস্থাপনা, বাংলাদেশের সংবিধান: প্রস্তাবনা ও বৈশিষ্ট্য, মৌলিক অধিকারসহ রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহ, সংবিধানের সংশোধনীসমূহ, বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা: রাজনৈতিক দলসমূহের গঠন, ভূমিকা ও কার্যক্রম, ক্ষমতাসীন ও বিরোধী দলের পারস্পরিক সম্পর্কাদি, সুশীল সমাজ ও চাপ সৃষ্টিকারী গোষ্ঠীসমূহ এবং এদের ভূমিকা, বাংলাদেশের সরকার ব্যবস্থা: আইন, শাসন ও বিচার বিভাগসমূহ, আইন প্রণয়ন, নীতি নির্ধারণ, জাতীয় ও স্থানীয় পর্যায়ের প্রশাসনিক ব্যবস্থাপনা কাঠামো, প্রশাসনিক পুনর্বিন্যাস ও সংস্কার, বাংলাদেশের জাতীয় অর্জন, বিশিষ্ট ব্যক্তিত্ব, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ, জাতীয় পুরস্কার, বাংলাদেশের খেলাধুলাসহ চলচ্চিত্র, গণমাধ্যম-সংশ্লিষ্ট বিষয়াদি থেকে।

**আন্তর্জাতিক বিষয়াবলী:**
আন্তর্জাতিক অংশে ২০ নম্বরের জন্য বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি; আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক; বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনাপ্রবাহ; আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি; আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি থেকে প্রশ্ন থাকবে। ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা: বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব; অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ (ভূ-প্রাকৃতিক), সম্পদের বন্টন ও গুরুত্ব; বাংলাদেশের পরিবেশ ও প্রকৃতি ও সম্পদ, প্রধান চ্যালেঞ্জসমূহ; বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন: আবহাওয়া ও জলবায়ু নিয়ামকসমূহের সেক্টরভিত্তিক (যেমন অভিবাসন, কৃষি, শিল্প, মৎস্য ইত্যাদি) স্থানীয়, আঞ্চলিক ও বৈশ্বিক প্রভাব; প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশ্ন করা হবে।

**সাধারণ বিজ্ঞান:**
ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান ও আধুনিক বিজ্ঞানের প্রত্যেক অংশ থেকে ৫ নম্বরের প্রশ্ন আসবে। সাধারণ বিজ্ঞানের প্রশ্নগুলো দৈনন্দিন জীবনে ব্যবহৃত

SADIK SIR

বিজ্ঞানের অভিজ্ঞতার আলোকে অর্জিত সাধারণ উপলব্ধি থেকে করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে বিশেষভাবে বিজ্ঞানের উপর পড়াশোনা করা থাকলেও চলবে। প্রশ্নের সেট এমনভাবে করা হবে যাতে দেশে ও বিদেশে আধুনিক গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক আবিষ্কার ও বিখ্যাত বিজ্ঞানীদের অবদান সম্পর্কযুক্ত থাকে।

ভৌত বিজ্ঞানে প্রশ্ন আসবে পদার্থের অবস্থা, এটমের গঠন, কার্বনের বহুমুখী ব্যবহার, এসিড, ক্ষার, লবণ, পদার্থের ক্ষয়, সাবানের কাজ, ভৌত রাশি এবং এর পরিমাপ, ভৌত বিজ্ঞানের উন্নয়ন, চৌম্বকত্ব, তরঙ্গ এবং শব্দ, তাপ ও তাপগতি বিদ্যা, আলোর প্রকৃতি, স্থির এবং চল তড়িৎ, ইলেকট্রনিক্স, আধুনিক পদার্থবিজ্ঞান, শক্তির উৎস এবং এর প্রয়োগ, নবায়নযোগ্য শক্তির উৎস, পারমাণবিক শক্তি, খনিজ উৎস, শক্তির রূপান্তর, আলোক যন্ত্রপাতি, মৌলিক কণা, ধাতব পদার্থ এবং তাদের যৌগসমূহ, অধাতব পদার্থ, জারণ-বিজারণ, তড়িৎ কোষ, অজৈব যৌগ, জৈব যৌগ, তড়িৎ চৌম্বক, ট্রান্সফরমার, এক্সরে, তেজস্ক্রিয়তা ইত্যাদি বিষয় থেকে।

জীব বিজ্ঞান অংশে পদার্থের জীববিজ্ঞান-বিষয়ক ধর্ম, টিস্যু, জেনেটিকস, জীববৈচিত্র্য, এনিম্যাল ডাইভারসিটি, প্লান্ট ডাইভারসিটি, এনিম্যাল টিস্যু, অর্গান এবং অর্গান সিস্টেম, সালোক সংশ্লেষণ, ভাইরাস, ব্যাকটেরিয়া, জুলোজিক্যাল নমেনক্লেচার, বোটানিক্যাল নমেনক্লেচার, প্রাণিজগৎ, উদ্ভিদ, ফুল, ফল, রক্ত ও রক্ত সঞ্চালন, রক্তচাপ, হৃদ্‌পিণ্ড এবং হৃদরোগ, স্নায়ু এবং স্নায়ুরোগ, খাদ্য ও পুষ্টি, ভিটামিন, মাইক্রোবায়োলজি, প্লান্ট নিউট্রেশন, পরাগায়ন ইত্যাদি বিষয়ে প্রশ্ন থাকবে।

আধুনিক বিজ্ঞানে পৃথিবী সৃষ্টির ইতিহাস, কসমিক রে, ব্লাক হোল, হিগের কণা, বারিমণ্ডল, টাইড, বায়ুমণ্ডল, টেকটোনিক প্লেট, সাইক্লোন, সুনামি, বিবর্তন, সামুদ্রিক জীবন, মানবদেহ, রোগের কারণ ও প্রতিকার, সংক্রামক রোগ, রোগ জীবাণুর জীবনধারণ, মা ও শিশু স্বাস্থ্য, ইমুনাইজেশন এবং ভ্যাকসিনেশন, এইচআইভি, এইডস, টিবি, পোলিও, জোয়ার-ভাটা, এপিকালচার, সেরিকালচার, পিসিকালচার, হর্টিকালচার, ডায়োড, ট্রানজিস্টর, আইসি, আপেক্ষিক তত্ত্ব, ফোটন কণা ইত্যাদি থেকে প্রশ্ন করা হবে।

**কম্পিউটার ও তথ্য প্রযুক্তি:**
কম্পিউটার থেকে ১০ নম্বর এবং তথ্যপ্রযুক্তি থেকে ৫ নম্বরসহ মোট ১৫ নম্বরের প্রশ্ন আসবে। কম্পিউটার অংশে কম্পিউটার পেরিফেরালস: কি-বোর্ড, মাউস, ওসিআর; কম্পিউটারের অঙ্গসংগঠন: সিপিইউ, হার্ডডিস্ক, এএলইউ; কম্পিউটারের পারঙ্গমতা; দৈনন্দিন জীবনে কম্পিউটার: কৃষি, যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা; কম্পিউটারের নম্বর ব্যবস্থা; অপারেটিং সিস্টেমস; এমবেডেড কম্পিউটার; কম্পিউটারের ইতিহাস; কম্পিউটারের প্রকারভেদ; কম্পিউটার প্রোগ্রাম: ভাইরাস, ফায়ারওয়াল এবং ডেটাবেইস সিস্টেম থেকে প্রশ্ন করা হবে।

তথ্যপ্রযুক্তিতে ই-কমার্স; সেলুলার ডাটা নেটওয়ার্ক: টুজি, থ্রিজি, ফোরজি, ওয়াইম্যাক্স; কম্পিউটার নেটওয়ার্ক: ল্যান, ম্যান, ওয়াই-ফাই, ওয়াইম্যাক্স; দৈনন্দিন জীবনে তথ্যপ্রযুক্তি; স্মার্টফোন; ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব; ইন্টারনেট; নিত্য প্রয়োজনীয় কম্পিউটিং প্রযুক্তি: ই-মেইল, ফ্যাক্স; ক্লায়েন্ট-সার্ভার ম্যানেজমেন্ট; মোবাইল প্রযুক্তির বৈশিষ্ট্যসমূহ; তথ্যপ্রযুক্তির বড় প্রতিষ্ঠান ও তাদের সেবা/তথ্যসমূহ: গুগল, মাইক্রোসফট, আইবিএম; ক্লাউড কম্পিউটিং; সোশ্যাল নেটওয়ার্কিং: ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম; রোবটিক্স; সাইবার অপরাধ বিষয়ে প্রশ্ন থাকবে।

**গাণিতিক যুক্তি:**
বাস্তব সংখ্যা, ল.সা.গু, গ.সা.গু, শতকরা, সরল ও যৌগিক মুনাফা, অনুপাত ও সমানুপাত, লাভ ও ক্ষতি, বীজগাণিতিক সূত্রাবলী, বহুপদী উৎপাদক, সরল ও দ্বিপদী সমীকরণ, সরল ও দ্বিপদী অসমতা, সরল সহসমীকরণ; সূচক ও লগারিদম, সমান্তর ও গুণোত্তর অনুক্রম ও ধারা, রেখা, কোণ, ত্রিভুজ ও চতুর্ভুজ সংক্রান্ত উপপাদ্য, পিথাগোরাসের উপপাদ্য, বৃত্ত সংক্রান্ত উপপাদ্য, পরিমিতি- সরল ক্ষেত্র ও ঘনবস্তু, সেট, বিন্যাস ও সমাবেশ, পরিসংখ্যান ও সম্ভাব্যতা থেকে প্রশ্ন থাকবে।

**মানসিক দক্ষতা:**মানসিক দক্ষতা অংশে ভাষাগত যৌক্তিক বিচার, সমস্যা সমাধান, বানান ও ভাষা, যান্ত্রিক দক্ষতা, স্থানাঙ্ক সম্পর্ক, সংখ্যাগত ক্ষমতা থেকে প্রশ্ন করা হবে।

**নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন:** নৈতিকতা, মূল্যবোধ ও সু-শাসন অংশে এদের ব্যাখ্যা, পারস্পরিক সম্পর্ক, জাতীয় উন্নয়নে মূল্যবোধের শিক্ষা ও সুশাসনের প্রভাব বিষয়গুলো পড়তে হবে।

চাকরির ফ্রি সাজেশন পেতে এই লিঙ্কটি ভিজিট করুন

https://sadiksir.com/

সাদিক স্যার, প্রভাষক (ইংরেজি)

SADIKSIR